

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: পবিত্র কুরআনের ৪০ টি রবানা দোয়া সিরিজ-৭

১. জাহান্নামীরা বলবে, আমাদের প্রভু! আমাদের বদ নসিব আমাদের উপর বিজয়ী হয়েছে, আর মূলতই আমরা ছিলাম একটি বিপথগামী কওম। আমাদের প্রভু! এখন আমাদেরকে এখান থেকে বের করে দাও। এরপরও যদি আমরা কুফুরীতে ফিরে যাই, তবে অবশ্যি আমরা জালিম হিসাবেই গণ্য হবো। আল্লাহ বলবেন, তোমরা এখানেই নিকৃষ্ট অবস্থায় পরে থাকো এবং আমার সাথে তোমরা আর কথা বলোনা। আমার একদল বান্দাহ বলতো:

رَبَّنَا ءَامِنًا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَأَنْتَ خَيْرُ الرَّحِمِينَ

আমাদের প্রভু! আমরা ঈমান এনেছি, তাই তুমি আমাদের ক্ষমা করে দাও এবং আমাদের রহম করো, আর তুমিই তো সর্বোত্তম রাহমওয়াল। (সূরা ২৩ আল মুমিনুন আয়াত ১০৯)

২. ইবাদুর রহমান (রাহমানের দাস) তো তারাই যারা জমিনের উপর চলাফেরা করে বিনয়ী হয়ে। অজ্ঞ লোকেরা যখন তাদের সাথে বিতর্ক করতে চায়, তারা বলে 'সালাম'। তারা রাত কাটায় তাদের প্রভুর সন্তুষ্টির উদ্দেশ্যে সেজদা করে করে এবং দাঁড়িয়ে দাঁড়িয়ে। তারা দোয়া করে (এভাবে):

رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا

আমাদের প্রভু! আমাদের থেকে দূর করে দিও জাহান্নামের আযাব, কারণ তার আজাব তো সর্বগ্রাসী। (সূরা ২৫ আল ফুরকান আয়াত ৬৫)

إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا

আর জাহান্নাম তো নিশ্চিতই বাসস্থান ও আশ্রয়স্থল হিসাবে অতীব নিকৃষ্ট (সূরা ২৫ আল ফুরকান আয়াত ৬৬)

৩. আর যে তাওবা করবে ও আমলে সালাহ করবে, সে তো অনুতপ্ত হয়ে পুরোপুরি আল্লাহর অভিমুখীই হবে। তারা মিথ্যা সাক্ষ্য দেয় না। তারা যখন অর্থহীন কার্যকলাপের সম্মুখীন হয়, তখন আত্মমর্যাদা রক্ষা করে চলে যায়। তাদেরকে যখন আল্লাহর আয়াত স্মরণ করিয়ে দেয়া হয়, তখন তারা অন্ধ ও বধিরের মতো পড়ে থাকে না, তারা দোয়া করে এভাবে:

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا

আমাদের প্রভু! আমাদের স্ত্রী/স্বামী ও সন্তানদের চক্ষু শীতলকারী বানাও। আর আমাদের বানাও মুতাকিদের অগ্রগামী। (সূরা ২৫ আল ফুরকান আয়াত ৭৪)

প্রিয় ভাই ও বোনেরা, আরবি আয়াতের আগে যে কথাগুলো উল্লেখ করা হয়েছে সেগুলো আগের আয়াত বা আয়াত সমূহের বাংলা অর্থ।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা আসুন, আমরা কুরআনের ভাষায় আল্লাহর কাছে ক্ষমা চাই, রহমত চাই, রাতে সিজদা ও সালাতের মাধ্যমে আল্লাহর কাছে দোয়া করি, জাহান্নামের আগুন থেকে পানাহ চাই, তওবা করি, আমলে সালাহ করি, আল্লাহর অভিমুখী হয়, অর্থহীন কথা বার্তা-কার্যকলাপ পরিহার করি, ধরাকে সরা জ্ঞান না করি, জমিনের উপর বিনীতভাবে চলাফেরা করি, অজ্ঞদের সাথে বিতর্কে লিপ্ত হয়ে গেলে তাদেরকে 'সালাম' বলে ফিরে আসি, মিথ্যা কথা না বলি, মিথ্যা সাক্ষ্য না দেই আশা করা যায় আল্লাহ তায়ালা আমাদের তওবা কবুল করে ক্ষমা করবেন, জাহান্নামের আগুন থেকে বাঁচিয়ে জান্নাত দান করবেন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here <http://www.morningbrightness.fi/>